

তথ্য ও সম্প্রচারমন্ত্রীর দপ্তর  
ঢাকা

প্রেস রিলিজ

পটুয়াখালী-১ আসনের এমপি মো. শাহজাহান মিয়ান ইন্তেকালে তথ্যমন্ত্রীর শোক

ঢাকা, ২১ অক্টোবর ২০২৩:

পটুয়াখালী-১ (সদর-মির্জাগঞ্জ-দুমকি) আসনের সংসদ সদস্য, জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক ধর্ম প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মো. শাহজাহান মিয়ান ইন্তেকালে গভীর শোক ও দুঃখপ্রকাশ প্রকাশ করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ ড. হাছান মাহমুদ।

শনিবার ভোরে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৮৩ বছর বয়সে শাহজাহান মিয়ান শেষ নিশ্বাস ত্যাগের সংবাদে শোকাহত মন্ত্রী প্রয়াতের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

শোকবার্তায় তথ্যমন্ত্রী হাছান বলেন, মরহুম শাহজাহান ভাই ধর্ম প্রতিমন্ত্রী হিসেবে, তিনবার নির্বাচিত সংসদ সদস্য ও প্রায় টানা দুই দশক পটুয়াখালী জেলা আওয়ামী লীগ সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে দেশ ও সমাজের জন্য বড় ভূমিকা রেখেছেন। তার মৃত্যুতে আমরা একজন কর্মবীর মানুষকে হারালাম।

প্রধান তথ্য কমিশনারের শোক

অ্যাডভোকেট মো. শাহজাহান মিয়ান ইন্তেকালে আরও শোক ও দুঃখপ্রকাশ প্রকাশ করেছেন একই জেলা পটুয়াখালীর সন্তান প্রধান তথ্য কমিশনার ড. আবদুল মালেক।

প্রধান তথ্য কমিশনার শনিবার ভোরে রাজধানীতে শাহজাহান মিয়ান চিকিৎসাস্থল হাসপাতালটিতে যান। তিনি তার শোকবার্তায় প্রয়াতের আত্মার শান্তি কামনা করেন ও শোকাহত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

স্বাক্ষরিত/-

মীর আকরাম উদ্দীন আহম্মদ

পরিচালক-জনসংযোগ

[nijhum77@yahoo.com](mailto:nijhum77@yahoo.com)

+৮৮ ০১৭৬৩-৭৭০২০৭

